গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২৪. ৪৭

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২ / ১৭ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মর্জিনা খানম, কারিগরী প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা বিভিন্ন প্রকল্পের ক্ষুদ্রঋণ খাতের ২৮,৯৮,৪৫২/- (আঠাশ লক্ষ আটানব্বই হাজার চারশত বায়ান্ন) টাকা আত্মসাৎ করেন। আত্মসাতকৃত ২৮,৯৮,৪৫২/-(আঠাশ লক্ষ আটানব্বই হাজার চারশত বায়ান্ন) টাকার মধ্যে ৬,৪০,০০০/- (ছয় লক্ষ চল্লিশ হাজার) টাকা সংশ্লিষ্ট প্রকল্পের হিসাবে জমা প্রদান করেন। অবশিষ্ট (২৮,৯৮,৪৫২ - ৬,৪০,০০০) = ২২,৫৮,৪৫২/- (বাইশ লক্ষ আটান্ন হাজার চারশত বায়ান্ন) টাকা এবং নতুনভাবে আরো ১,০৩,৫০০/- (এক লক্ষ তিন হাজার পাঁচশত) টাকাসহ সর্বমোট ২৩,৬১,৯৫২/- (তেইশ লক্ষ একষট্টি হাজার নয়শত বায়ান্ন) টাকা তার নিকট আত্মসাৎ রয়েছে মর্মে প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। তিনি ক্ষুদ্রঋণের অর্থ আত্মসাৎ করে অঙ্গীকার অনুযায়ী সমুদয় অর্থ যথাসময়ে পরিশোধ না করায় সরকারের দারিদ্র বিমোচন কর্মসূচি দারুনভাবে ব্যহত করেন। এপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারী অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের অভিযোগের বিষয়ে পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা ০৬/০১/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০৪২.০১.০১৬.২৩.৫ সংখ্যক ইউ.ও.নোট এর মাধ্যমে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ১৫/০২/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২৪.৪২ সংখ্যক আদেশ যোগে জনাব মর্জিনা খানম কে সাময়িক বরখাস্ত করা হয় এবং ২৯/০২/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২৪.৫৪ সংখ্যক স্মারক যোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ০৭/২০২৪ তারিখ: ২৯/০২/২০২৪) রুজু করা হয়;

যেহেতু, জনাব মর্জিনা খানম বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ২৯/০৪/২০২৪ তারিখ তার শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি আত্মসাৎকৃত টাকা ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করবেন মর্মে অঙ্গীকার করেন। তার অঙ্গীকারের প্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তরের ০৮/০৫/২০২৪ তারিখ ৪১.০১.০০০০. ০১৪.২৭.০০৫.২৪.১১৬ সংখ্যক স্মারক যোগে তাকে ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত সময় মঞ্জুর করা হয়। তিনি নির্ধারিত তারিখের মধ্যে আত্মসাৎকৃত টাকা পরিশোধ করতে না পারায় পুনরায় ৩০/১২/২০২৪ তারিখ পর্যন্ত সময় প্রার্থনা করেন। এপ্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তরের ২৪/০৭/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২৪.১৯০ সংখ্যক স্মারক যোগে তাকে ৩০/১২/২০২৪ তারিখ পর্যন্ত ২য় বার সময় মঞ্জুর করা হয়। উক্ত সময়ের মধ্যেও তিনি আত্মসাৎকৃত কোন টাকা পরিশোধ না করে পুন: নিরীক্ষার জন্য আবেদন করেন;

যেহেতু, জনাব মর্জিনা খানম এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ অধিকতর তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (কার্যক্রম-১), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ০৬/১১/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২৪.২৮৯ সংখ্যক স্মারক পত্র যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৯/০৩/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০৪২.২৭.০০৬.২২.৮২ সংখ্যক স্মারক পত্র মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে জনাব মর্জিনা খানম এর নিকট বিভিন্ন প্রকল্প গ্রামের সর্বমোট ২৯,২৬,৬০৭/- (উনত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত সাত) টাকা এবং উক্ত টাকার বছর ভিত্তিক সার্ভিস চার্জ ৩,৫২,৩৬২/- (তিন লক্ষ বায়ান্ন হাজার তিনশত বাষট্টি) টাকাসহ সর্বমোট ৩২,৭৮,৯৬৯/- (বত্রিশ লক্ষ আটাত্তর হাজার নয়শত উনসত্তর) টাকা। উক্ত টাকার মধ্যে বর্ণিত কর্মচারী ৯,৬৬,৫১৮/- (নয় লক্ষ ছিষট্টি হাজার পাঁচশত আঠার) টাকা পরিশোধ করেছেন। বর্তমানে তার নিকট ২৩,১২,৪৫১/- (তেইশ লক্ষ বার হাজার চারশত একান্ন) টাকা পাওনা রয়েছে মর্মে প্রমাণিত হয়;

যেহেতু, জনাব মর্জিনা খানম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) ধারা মোতাবেক সরকারি চাকুরী হতে বরখাস্তকরণ (Dismissal from Service) গুরুদন্ড আরোপ করার লক্ষ্যে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, কেন তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত (Dismissal) গুরুদন্ড আরোপ করা হবে না তার জবাব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, জনাব মর্জিনা খানম ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে উল্লেখ করেন, তিনি আত্মসাৎকৃত ২৯,২৬,৬০৭/- (উনত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত সাত) টাকার মধ্যে ১ম পর্যায়ে ৬,৬৮,১৫৫/- (ছয় লক্ষ আটষট্টি হাজার একশত পঞ্চান্ন) টাকা এবং ২য় পর্যায়ে ৩,৬৩,২০১/- (তিন লক্ষ তেষট্টি হাজার দুইশত এক) টাকাসহ সর্বমোট ১০,৩১,৩৫৬/- (দশ লক্ষ একত্রিশ হাজার তিনশত ছাপান্ন) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করেছেন। অবশিষ্ট (২৯,২৬,৬০৭/- - ১০,৩১,৩৫৬/-) = ১৮,৯৫,২৫১/- (আঠার লক্ষ পঁচানব্বই হাজার দুইশত একান্ন) টাকা ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে পরিশোধ করবেন মর্মে সময় বৃদ্ধির আবেদন করেন। কিন্তু ৩০ জুন ২০২৫ তারিখ পার হয়ে গেলেও আত্মসাৎকৃত অবশিষ্ট ১৮,৯৫,২৫১/- (আঠার লক্ষ পঁচানব্বই হাজার দুইশত একান্ন) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করেননি;

সেহেতু, জনাব মর্জিনা খানম, কারিগরী প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(খ) বিধি মোতাবেক সরকারি চাকুরী হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" গুরুদন্ড আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন। বর্ণিত কর্মচারী কর্তৃক আত্মসাৎকৃত বিভিন্ন প্রকল্প গ্রামের ক্ষুদ্রঋণ তহবিলের ১৮,৯৫,২৫১/- (আঠার লক্ষ পঁচানব্বই হাজার দুইশত একান্ন) টাকা তার পেনশন ও আনুতোষিক হতে কর্তন করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করার জন্য নির্দেশ প্রদান করা হলো। সরকারি পাওনা পরিশোধের পর অবশিষ্ট টাকা থাকলে বর্ণিত কর্মচারীকে প্রদান করতে হবে। তবে যদি সরকারি পাওনা পরিশোধ না হয়, বাকী থাকে, এক্ষেত্রে বাকী টাকা আদায়ের জন্য তার বিরুদ্ধে পিডিআর এ্যাক্ট ১৯১৩ অনুয়ায়ী মামলা দায়ের করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৯.০২.২০২৬

(মোস্তফা মোস্তাকুর রহিম খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২৪. ৪৭ (১২)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২
১৯ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ২২ ইএস টাওয়ার, ময়লাপোতা রোড, খুলনা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, দাকোপ, খুলনা। তাঁকে বর্ণিত কর্মচারীর পেনশন ও আনুতোষিক এর অর্থ হতে আত্মসাৎকৃত অর্থ কর্তন করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করার জন্য অনুরোধ করা হলো।
৯. জনাব মর্জিনা খানম, কারিগরী প্রশিক্ষক (বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা।

১৯/০২/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
☎ ০২৫৫০০৭৩৭০